তৃতীয় সিগন্যাল না আসা পর্যন্ত গাড়ী চালিয়ে যান। ↠ Drive until you reach the third traffic light.
তারপরে আপনার ডানদিকের প্রথম রাস্তায় বাঁক নিন। ↠ Then turn into the first street on your right.
তারপরে সোজা পরবর্তী চৌরাস্তা পার হয়ে যান। ↠ Then drive straight through the next intersection.

মাফ করবেন, আমি বিমান বন্দর পর্যন্ত কীভাবে যাব? ↠ Excuse me, how do I get to the airport?
সবথেকে ভাল হয় যদি আপনি সাবওয়ে দিয়ে যান। ↠ It is best if you take the underground / subway (am.).
সোজা একেবারে শেষ স্টপ পর্যন্ত চলে যান। ↠ Simply get out at the last stop.

tanbircox.blogspot.com

# 41) কোন দিকে, কোথায় ...?

পর্যটন তথ্যকেন্দ্র কোথায়? ↠ Where is the tourist information office?
আপনার কাছে শহরের একটা মানচিত্র পাওয়া যাবে? ↠ Do you have a city map for me?
এখানে কি একটা হোটেল কামরা ভাড়া করা যেতে পারে? ↠ Can one reserve a room here?

পুরোনো শহর কোন দিকে বা কোথায়? ↠ Where is the old city?
ক্যাথিড্রাল চার্চ কোন দিকে বা কোথায়? ↠ Where is the cathedral?
মিউজিয়াম বা জাদুঘর কোন দিকে বা কোথায়? ↠ Where is the museum?

স্ট্যাম্প বা ডাক টিকিট কোথা থেকে কেনা যায়? ↠ Where can one buy stamps?
ফুল কোথা থেকে কেনা যায়? ↠ Where can one buy flowers?
টিকিট কোথা থেকে কেনা যায়? ↠ Where can one buy tickets?

বন্দর কোন দিকে বা কোথায়? ↠ Where is the harbour / harbor (am.)?
বাজার কোন দিকে বা কোথায়? ↠ Where is the market?
দূর্গ কোন দিকে বা কোথায়? ↠ Where is the castle?

ভ্রমণ কখন শুরু হবে? ↠ When does the tour begin?
ভ্রমণ কখন শেষ হবে? ↠ When does the tour end?
এই ভ্রমণ কতক্ষণ ধরে চলবে? ↠ How long is the tour?

আমার এমন একজন গাইড চাই যে জার্মান বলতে পারে। ↠ I would like a guide who speaks German.
আমার এমন একজন গাইড চাই যে ইটালিয়ান বলতে পারে। ↠ I would like a guide who speaks Italian.
আমার এমন একজন গাইড চাই যে ফরাসী বলতে পারে। ↠ I would like a guide who speaks French.

tanbircox.blogspot.com

# 42) শহর - ভ্রমণ

বাজার কি রবিবার খোলা থাকে? ↠ Is the market open on Sundays?
মেলা কি সোমবার খোলা থাকে? ↠ Is the fair open on Mondays?
প্রদর্শনী কি মঙ্গলবার খোলা থাকে? ↠ Is the exhibition open on Tuesdays?

চিড়িয়াখানা কি বুধবার খোলা থাকে? ↠ Is the zoo open on Wednesdays?
মিউজিয়াম বা জাদুঘর কি বৃহস্পতিবার খোলা থাকে? ↠ Is the museum open on Thursdays?
গ্যালারি বা ছবি প্রদর্শনী কি শুক্রবার খোলা থাকে? ↠ Is the gallery open on Fridays?

ছবি তোলার অনুমতি আছে কি? ↠ Can one take photographs?
এখানে কি প্রবেশ শুল্ক দিতে হবে? ↠ Does one have to pay an entrance fee?
প্রবেশ শুল্ক কত টাকা? ↠ How much is the entrance fee?

দলের জন্য কি কোনো ছাড় আছে? ↠ Is there a discount for groups?
শিশুদের জন্য কি কোনো ছাড় আছে? ↠ Is there a discount for children?
বিদ্যার্থীদের জন্য কি কোনো ছাড় আছে? ↠ Is there a discount for students?

ওই বাড়ীটা কী? ↠ What building is that?
ওই বাড়ীটা কত দিনের পুরোনো? ↠ How old is the building?
ওই বাড়ীটা কে তৈরী করেছিলেন? ↠ Who built the building?

আমি বাস্তুকলায় আগ্রহী । ↠ I'm interested in architecture.
আমি শিল্পকলায় আগ্রহী । ↠ I'm interested in art.
আমি চিত্রকলায় আগ্রহী । ↠ I'm interested in paintings.

tanbircox.blogspot.com

# 43) চিড়িয়াখানায়

চিড়িয়াখানা ওখানে । → The zoo is there.
ওখানে জিরাফ আছে । → The giraffes are there.
ভালুক কোথায়? → Where are the bears?

হাতি কোথায়? → Where are the elephants?
সাপ কোথায়? → Where are the snakes?
সিংহ কোথায়? → Where are the lions?

আমার কাছে একটা ক্যামেরা আছে । → I have a camera.
আমার কাছে একটা ভিডিও ক্যামেরাও আছে । → I also have a video camera.
আমি ব্যাটারি কোথায় পাব? → Where can I find a battery?

পেঙ্গুইন কোথায়? → Where are the penguins?
ক্যাঙ্গারু কোথায়? → Where are the kangaroos?
গণ্ডার কোথায়? → Where are the rhinos?

শৌচালয় কোথায়? → Where is the toilet / restroom (am.)?
ওখানে একটা ক্যাফে আছে । There is a café over there.
ওখানে একটা রেস্টুরেন্ট আছে । → There is a restaurant over there.

উট কোথায়? → Where are the camels?
গোরিলা আর জেব্রা কোথায়? → Where are the gorillas and the zebras?
বাঘ আর কুমীর কোথায়? → Where are the tigers and the crocodiles?

tanbircox.blogspot.com

# 44) সন্ধ্যে বেলায় বাইরে যাওয়া

এখানে কি কোনো ডিস্কো আছে? ↠ Is there a disco here?
এখানে কি কোনো নাইট ক্লাব আছে? ↠ Is there a nightclub here?
এখানে কি কোনো পাব আছে? ↠ Is there a pub here?

আজ সন্ধ্যায় রঙ্গমঞ্চে কি নাটক হচ্ছে? ↠ What's playing at the theatre / theater (am.) this evening?
আজ সন্ধ্যায় সিনেমা হলে কি ছবি হচ্ছে? ↠ What's playing at the cinema / movies (am.) this evening?
আজ সন্ধ্যায় টিভিতে কি অনুষ্ঠান হচ্ছে? ↠ What's on TV this evening?

থিয়েটারের টিকিট কি এখনও পাওয়া যাচ্ছে? ↠ Are tickets for the theatre / theater (am.) still available?
সিনেমার টিকিট কি এখনও পাওয়া যাচ্ছে? ↠ Are tickets for the cinema / movies (am.) still available?
ফুটবলের টিকিট কি এখনও পাওয়া যাচ্ছে? ↠ Are tickets for the football / soccer am. game still available?

আমি সবথেকে পিছনে বসতে চাই। ↠ I want to sit in the back.
আমি মাঝখানে কোথাও বসতে চাই। ↠ I want to sit somewhere in the middle.
আমি সামনে বসতে চাই। ↠ I want to sit at the front.

আপনি আমাকে কিছু সুপারিশ করতে পারেন? ↠ Could you recommend something?
প্রদর্শন কখন শুরু হবে? ↠ When does the show begin?
আপনি কি আমাকে একটা টিকিট এনে দিতে পারেন? ↠ Can you get me a ticket?

এখানে কাছাকাছি কোনো গল্ফের মাঠ আছে? ↠ Is there a golf course nearby?
এখানে কাছাকাছি কোনো টেনিসের মাঠ আছে? ↠ Is there a tennis court nearby?
এখানে কাছাকাছি সাঁতারের জন্য কোনো ইণ্ডোর সুইমিং পুল আছে? ↠ Is there an indoor swimming pool nearby?

tanbircox.blogspot.com

# ৪৫) সিনেমা হলে

আমরা সিনেমায় যেতে চাই । ↠ We want to go to the cinema.
আজকে একটা ভাল ফিল্ম বা ছবি চলছে । ↠ A good film is playing today.
ফিল্মটা বা ছবিটা একদম নতুন । ↠ The film is brand new.

ক্যাশ রেজিস্টার কোথায়? ↠ Where is the cash register?
এখনও কি কোনো সীট খালি আছে? ↠ Are seats still available?
টিকিটের দাম কত? ↠ How much are the admission tickets?

ফিল্ম বা ছবি কখন শুরু হয়? ↠ When does the show begin?
ফিল্ম বা ছবি কতক্ষণ ধরে চলবে? ↠ How long is the film?
টিকিট সংরক্ষণ করা যাবে? ↠ Can one reserve tickets?

আমি সবথেকে পিছনে বসতে চাই । ↠ I want to sit at the back.
আমি সামনে বসতে চাই । ↠ I want to sit at the front.
আমি মাঝখানে বসতে চাই । ↠ I want to sit in the middle.

ফিল্মটা আকর্ষণীয় ছিল । ↠ The film was exciting.
ফিল্মটা একঘেয়ে ছিল না । ↠ The film was not boring.
কিন্তু যে বইয়ের ওপর ভিত্তি করে ফিল্মটা তৈরী হয়েছিল সেটা আরো ভাল ছিল । ↠ But the book on which the film was based was better.

সঙ্গীত কিরকম ছিল? ↠ How was the music?
অভিনয় কেমন ছিল? ↠ How were the actors?
ইংরেজী ভাষায় সাবটাইটেল ছিল? ↠ Were there English subtitles?

tanbircox.blogspot.com

# 46) ডিস্কোতে

এই সীটটা কি ফাকা? ↠ Is this seat taken?
আমি কি আপনার সাথে বসতে পারি? ↠ May I sit with you?
হ্যাঁ নিশ্চয়ই । ↠ Sure.

আপনার সঙ্গীত কেমন লাগছে? ↠ How do you like the music?
একটু বেশী জোরে হচ্ছে । ↠ A little too loud.
কিন্তু ব্যাণ্ড ভাল বাজাচ্ছে । ↠ But the band plays very well.

আপনি কি এখানে প্রায়ই আসেন? ↠ Do you come here often?
না, এই প্রথমবার এসেছি । ↠ No, this is the first time.
আমি আগে এখানে কখনো আসিনি । ↠ I've never been here before.

আপনি কি নাচতে চান? ↠ Would you like to dance?
হয়ত কিছুক্ষণ পরে । ↠ Maybe later.
আমি খুব ভাল নাচতে পারি না । ↠ I can't dance very well.

এটা খুব সোজা । ↠ It's very easy.
আমি আপনাকে দেখিয়ে দেব । ↠ I'll show you.
না, হয়ত পরে কখনো অন্য সময়ে । ↠ No, maybe some other time.

আপনি কি কারোর জন্য অপেক্ষা করছেন? ↠ Are you waiting for someone?
হ্যাঁ, আমার বন্ধুর জন্য । ↠ Yes, for my boyfriend.
এই তো, সে এসে গেছে! ↠ There he is!

tanbircox.blogspot.com

# 47) ভ্রমণের প্রস্তুতি

তোমাকে আমাদের সুটকেস গোছাতে হবে! ↠ You have to pack our suitcase!
কোনো কিছু ভুলবে না! ↠ Don't forget anything!
তোমার একটা বড় সুটকেস চাই! ↠ You need a big suitcase!

পাসপোর্ট নিতে ভুলো না! ↠ Don't forget your passport!
টিকিট নিতে ভুলো না! ↠ Don't forget your ticket!
ট্র্যাভেলার্স চেক নিতে ভুলো না! ↠ Don't forget your traveller's cheques / traveler's checks (am.)!

সান – স্ক্রীণ লোশন সঙ্গে নাও । ↠ Take some suntan lotion with you.
সান – গ্লাস বা রোদ চশমা সঙ্গে নাও । ↠ Take the sun-glasses with you.
সান – হ্যাট বা রোদ টুপি সঙ্গে নাও । ↠ Take the sun hat with you.

তুমি কি রাস্তার মানচিত্র নিতে চাও? ↠ Do you want to take a road map?
তুমি কি পথপ্রদর্শক – পুস্তিকা নিতে চাও? ↠ Do you want to take a travel guide?
তুমি কি ছাতা নিতে চাও? ↠ Do you want to take an umbrella?

প্যান্ট, শার্ট এবং মোজা মনে করে নিও । ↠ Remember to take pants, shirts and socks.
টাই, বেল্ট এবং খেলার জ্যাকেট মনে করে নিও । ↠ Remember to take ties, belts and sports jackets.
পায়জামা, রাতের পোষাক, এবং টি – শার্ট মনে করে নিও । ↠ Remember to take pyjamas, nightgowns and t-shirts.

তোমার জুতো, চপ্পল এবং বুট জুতো চাই । ↠ You need shoes, sandals and boots.
তোমার রুমাল,সাবান এবং নেল ক্লিপার চাই । ↠ You need handkerchiefs, soap and a nail clipper.
তোমার চিরুনী, দাঁত মাজার ব্রাশ এবং পেস্ট চাই । ↠ You need a comb, a toothbrush and toothpaste.

tanbircox.blogspot.com

# ৪৮) ছুটির কার্যকলাপ

তট কি পরিষ্কার আছে? ↠ Is the beach clean?
ওখানে স্নান করতে পারি? ↠ Can one swim there?
সেখানে সাঁতার কাটা বিপদজনক নয় তো? ↠ Isn't it dangerous to swim there?

এখানে কি ভাড়ায় বড় রোদ – ছাতা পাওয়া যায়? ↠ Can one rent a sun umbrella / parasol here?
এখানে ডেক চেয়ার ভাড়ায় পাওয়া যায়? ↠ Can one rent a deck chair here?
এখানে ভাড়ায় নৌকা পাওয়া যায়? ↠ Can one rent a boat here?

আমি সার্ফ করব। ↠ I would like to surf.
আমি ডাইভ দেব। ↠ I would like to dive.
আমি ওয়াটার স্কী করব। ↠ I would like to water ski.

সার্ফবোর্ড ভাড়ায় পাওয়া যায়? ↠ Can one rent a surfboard?
ডাইভ করবাব যন্ত্রপাতি ভাড়ায় পাওয়া যায়? ↠ Can one rent diving equipment?
ওয়াটার স্কী ভাড়ায় পাওয়া যায়? ↠ Can one rent water skis?

আমি এখন সবে শিখছি। ↠ I'm only a beginner.
আমি মোটামুটি ভাল। ↠ I'm moderately good.
আমি এটা খুব ভাল পারি। ↠ I'm pretty good at it.

স্কী – লিফ্ট কোথায়? ↠ Where is the ski lift?
তোমার কাছে স্কী আছে? ↠ Do you have skis?
তোমার কাছে স্কী বুট আছে? ↠ Do you have ski boots?

tanbircox.blogspot.com

# 49) খেলাধুলা

তুমি কি ব্যায়াম কর? ↠ Do you exercise?
হ্যাঁ, আমার ব্যায়াম করবার প্রয়োজন আছে। ↠ Yes, I need some exercise.
আমি একটি স্পোর্টস্ ক্লাবের সদস্য। ↠ I am a member of a sports club.

আমরা ফুটবল খেলি। ↠ We play football / soccer (am.).
আমরা কখনো কখনো সাঁতার কাটি। ↠ We swim sometimes.
অথবা আমরা সাইকেল চালাই। ↠ Or we cycle.

আমাদের শহরে একটা ফুটবল স্টেডিয়াম আছে। ↠ There is a football / soccer (am.) stadium in our city.
বাস্পস্নান সমেত একটা সুইমিং পুলও আছে। ↠ There is also a swimming pool with a sauna.
এবং একটা গল্ফের ময়দান আছে। ↠ And there is a golf course.

টেলিভিশন কী হচ্ছে? ↠ What is on TV?
এখন একটা ফুটবল খেলা হচ্ছে। ↠ There is a football / soccer (am.) match on now.
জার্মান দল ইংরেজ দলের বিরুদ্ধে খেলছে। ↠ The German team is playing against the English one.

কে জিতবে? ↠ Who is winning?
আমার কোনো ধারণা নেই। ↠ I have no idea.
এই সময় এটা অমীমাংসিত। ↠ It is currently a tie.

রেফারি বেলজিয়াম থেকে এসেছে। ↠ The referee is from Belgium.
এখন একটা পেনাল্টি কিক হবে। ↠ Now there is a penalty.
গোল!এক – শূন্য ↠ Goal! One – zero!

tanbircox.blogspot.com

# ৯০) সুইমিং পুলে

আজ গরম পড়ছে । → It is hot today.
আমরা কি সুইমিং পুলে যাব? → Shall we go to the swimming pool?
তোমার কি সাঁতার কাটবার ইচ্ছে হচ্ছে? → Do you feel like swimming?

তোমার কাছে কি তোয়ালে আছে? → Do you have a towel?
তোমার কাছে কি সাঁতারের পায়জামা আছে? → Do you have swimming trunks?
তোমার কাছে কি সাঁতারের পোষাক আছে? → Do you have a bathing suit?

তুমি কি সাঁতার কাটতে পার? → Can you swim?
তুমি কি ডুব লাগাতে পার? → Can you dive?
তুমি কি জলে ঝাঁপ দিতে পার? → Can you jump in the water?

শাওয়ার কোথায়? → Where is the shower?
কাপড় বদলানোর ঘর কোথায়? → Where is the changing room?
সাঁতারের চশমা কোথায়? → Where are the swimming goggles?

জল (IN) / পানি (BD) কি খুব গভীর? → Is the water deep?
জল (IN) / পানি (BD) কি পরিষ্কার পরিচ্ছন্ন? → Is the water clean?
জল (IN) / পানি (BD) কি উষ্ণ? → Is the water warm?

আমি ঠাণ্ডায় জমে যাচ্ছি । → I am freezing.
জলটা (IN) / পানিটা (BD) খুবই ঠাণ্ডা । → The water is too cold.
আমি এখন জল (IN) / পানি (BD) থেকে উঠে আসছি । → I am getting out of the water now.

tanbircox.blogspot.com

# ৫১)টুকিটাকি কাজের জন্য এখানে ওখানে যাওয়া

আমি লাইব্রেরীতে যেতে চাই । ↠ I want to go to the library.
আমি বইয়ের দোকানে যেতে চাই । ↠ I want to go to the bookstore.
আমি খবরের কাগজের দোকানে যেতে চাই । ↠ I want to go to the newspaper stand.

আমি একটা বই ধার করতে চাই । ↠ I want to borrow a book.
আমি একটা বই কিনতে চাই । ↠ I want to buy a book.
আমি একটা খবরের কাগজ কিনতে চাই । ↠ I want to buy a newspaper.

আমি একটা বই ধার করতে লাইব্রেরীতে যেতে চাই । ↠ I want to go to the library to borrow a book.
আমি একটা বই কিনতে বইয়ের দোকানে যেতে চাই । ↠ I want to go to the bookstore to buy a book.
আমি একটা খবরের কাগজ কিনতে খবরের কাগজের দোকানে যেতে চাই । ↠ I want to go to the kiosk / newspaper stand to buy a newspaper.

আমি চশমার দোকানে যেতে চাই । ↠ I want to go to the optician.
আমি সুপার মার্কেটে যেতে চাই । ↠ I want to go to the supermarket.
আমি বেকারীতে যেতে চাই । ↠ I want to go to the bakery.

আমি একটা চশমা কিনতে চাই । ↠ I want to buy some glasses.
আমি কিছু ফল এবং সবজি কিনতে চাই । ↠ I want to buy fruit and vegetables.
আমি রোল এবং পাঁউরুটি কিনতে চাই । ↠ I want to buy rolls and bread.

আমি চশমা কেনার জন্য চশমার দোকানে যেতে চাই । ↠ I want to go to the optician to buy glasses.
আমি ফল এবং সবজি কেনার জন্য সুপার মার্কেটে যেতে চাই । ↠ I want to go to the supermarket to buy fruit and vegetables.
আমি রোল এবং পাঁউরুটি কেনার জন্য বেকারীতে যেতে চাই । ↠ I want to go to the baker to buy rolls and bread.

tanbircox.blogspot.com

# ৫২) ডিপার্টমেন্ট স্টোরে

আমরা কি ডিপার্টমেন্ট স্টোরে যাব? ↠ Shall we go to the department store?
আমার কিছু কেটাকাটা করবার আছে। ↠ I have to go shopping.
আমি অনেক কিছু কেনাকাটা করতে চাই। ↠ I want to do a lot of shopping.

অফিস সম্পর্কিত জিনিষপত্র কোথায়? ↠ Where are the office supplies?
আমার খাম এবং চিঠি লেখার কাগজ চাই। ↠ I need envelopes and stationery.
আমার কলম এবং মার্কার চাই। ↠ I need pens and markers.

আসবাবপত্র কোথায়? ↠ Where is the furniture?
আমার একটা আলমারী এবং চেস্ট ড্রয়ার চাই। ↠ I need a cupboard and a chest of drawers.
আমরা একটা ডেস্ক এবং বই রাখার তাক চাই। ↠ I need a desk and a bookshelf.

খেলনাগুলো কোথায়? ↠ Where are the toys?
আমার একটা পুতুল এবং টেডি বিয়ার চাই। ↠ I need a doll and a teddy bear.
আমার একটা ফুটবল এবং দাবার বোর্ড চাই। ↠ I need a football and a chess board.

যন্ত্রপাতিগুলো কোথায়? ↠ Where are the tools?
আমার একটা হাতুড়ি এবং এক জোড়া চিমটা চাই। ↠ I need a hammer and a pair of pliers.
আমার একটা ড্রিল এবং স্ক্রুড্রাইভর চাই। ↠ I need a drill and a screwdriver.

গয়নার বিভাগ কোথায়? ↠ Where is the jewellery / jewelry (am.) department?
আমার একটা চেন এবং ব্রেসলেট বা চুড়ি চাই। ↠ I need a chain and a bracelet.
আমার একটা আংটি এবং কানের দুল চাই। ↠ I need a ring and earrings.

tanbircox.blogspot.com

# ১৩) বিভিন্ন দোকান

আমরা একটা খেলার জিনিষের দোকান খুঁজছি। ↠ We're looking for a sports shop.
আমরা একটা কসাইয়ের বা মাংসের দোকান খুঁজছি। ↠ We're looking for a butcher shop.
আমরা একটা ওষুধের দোকান খুঁজছি। ↠ We're looking for a pharmacy / drugstore (am.).

আমরা একটা ফুটবল কিনতে চাই। ↠ We want to buy a football.
আমরা সালামি কিনতে চাই। ↠ We want to buy salami.
আমরা ওষুধ কিনতে চাই। ↠ We want to buy medicine.

আমরা একটা ফুটবল কেনার জন্য একটা খেলার জিনিষের দোকান খুঁজছি। ↠ We're looking for a sports shop to buy a football.
আমরা সালামি কেনার জন্য একটা কসাইয়ের বা মাংসের দোকান খুঁজছি। ↠ We're looking for a butcher shop to buy salami.
আমরা ওষুধ কেনার জন্য একটা ওষুধের দোকান খুঁজছি। ↠ We're looking for a drugstore to buy medicine.

আমি একটা গয়নার দোকান খুঁজছি। ↠ I'm looking for a jeweller / jeweler (am.).
আমি একটা ফটোর দোকান খুঁজছি। ↠ I'm looking for a photo equipment store.
আমি একটা কেকের দোকান খুঁজছি। ↠ I'm looking for a confectionery.

আমি আসলে একটা আংটি কেনার পরিকল্পনা করছি। ↠ I actually plan to buy a ring.
আমি আসলে একটা ফিল্মের রোল কেনার পরিকল্পনা করছি। ↠ I actually plan to buy a roll of film.
আমি আসলে একটা কেক কেনার পরিকল্পনা করছি। ↠ I actually plan to buy a cake.

আমি একটা আংটি কেনার জন্য একটা গয়নার দোকান খুঁজছি। ↠ I'm looking for a jeweler to buy a ring.
আমি একটা ফিল্মের রোল কেনার জন্য একটা ফটোর দোকান খুঁজছি। ↠ I'm looking for a photo shop to buy a roll of film.
আমি একটা কেক কেনার জন্য একটা কেকের দোকান খুঁজছি। ↠ I-- l------ f-- a c------------ t- b-- a c---.

tanbircox.blogspot.com

# 54) কেনাকাটা

আমি একটা উপহার কিনতে চাই। ↠ I want to buy a present.
কিন্তু খুব বেশী দামের না। ↠ But nothing too expensive.
হয়ত একটা হাতব্যাগ? ↠ Maybe a handbag?

আপনার কোন রং পছন্দ? ↠ Which color would you like?
কালো, বাদামী বা সাদা? ↠ Black, brown or white?
বড় না ছোট? ↠ A large one or a small one?

আমি কি এটা দেখতে পারি? ↠ May I see this one, please?
এটা কি চামড়ার তৈরী? ↠ Is it made of leather?
নাকি এটা প্লাস্টিক দিয়ে তৈরী? ↠ Or is it made of plastic?

অবশ্যই, চামড়া দিয়ে তৈরী। ↠ Of leather, of course.
এটা খুব ভাল মানের। ↠ This is very good quality.
এবং ব্যাগটি সত্যিই খুব সঙ্গত দামের। ↠ And the bag is really very reasonable.

এটা আমার পছন্দ। ↠ I like it.
আমি এটা নেব। ↠ I'll take it.
যদি প্রয়োজন হয় তাহলে কি আমি এটা বদলাতে পারি? ↠ Can I exchange it if needed?

অবশ্যই। ↠ Of course.
আমরা এটাকে উপহারের মত বেঁধে দেব। ↠ We'll gift wrap it.
ক্যাশিয়ার ওখানে আছেন। ↠ The cashier is over there.

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# ৫৫) কাজকর্ম

আপনি কী কাজ করেন? ↠ What do you do for a living?
আমার স্বামী একজন ডাক্তার । ↠ My husband is a doctor.
আমি পার্ট টাইম নার্স কাজ করছি। ↠ I work as a nurse part-time.

আমরা খুব শীঘ্রই পেনশন পাব । ↠ We will soon receive our pension.
কিন্তু কর খুব বেশী । ↠ But taxes are high.
এবং স্বাস্থ্য বীমা খুব ব্যায় সাপেক্ষ । ↠ And health insurance is expensive.

তুমি কী হতে চাও? ↠ What would you like to become some day?
আমি একজন ইঞ্জিনীয়ার হতে চাই । ↠ I would like to become an engineer.
আমি বিশ্ববিদ্যালয়ে পড়তে চাই । ↠ I want to go to college.

আমি একজন শিক্ষানবীশ । ↠ I am an intern.
আমি বেশী রোজগার করি না । ↠ I do not earn much.
আমি বিদেশে প্রশিক্ষণ নিচ্ছি । ↠ I am doing an internship abroad.

উনি আমার বড় সাহেব । ↠ That is my boss.
আমার সহকর্মীরা ভাল । ↠ I have nice colleagues.
আমরা রোজ দুপুরে ক্যাফেটেরিয়াতে যাই । ↠ We always go to the cafeteria at noon.

আমি একটা চাকরী খুঁজছি । ↠ I am looking for a job.
আমার গত এক বছর ধরে চাকরী নেই । ↠ I have already been unemployed for a year.
এই দেশে অনেক বেশী সংখ্যক বেকার লোক আছেন । ↠ There are too many unemployed people in this country.

tanbircox.blogspot.com

facebook /gmail/skype: - tanbir.cox Website 🌎:- http://tanbircox.blogspot.com

# ১৬) অনুভূতি

ইচ্ছা থাকা → to feel like / want to
আমাদের ইচ্ছা আছে । → We feel like. / We want to.
আমাদের ইচ্ছা নাই । → We don't feel like. / We do't want to.

ভয় পাওয়া → to be afraid
আমার ভয় করছে । → I'm afraid.
আমার ভয় করছে না । → I am not afraid.

সময় থাকা → to have time
তার কাছে সময় আছে । → He has time.
তার কাছে কোনো সময় নেই । → He has no time.

বিরক্ত হয়ে যাওয়া → to be bored
সে বিরক্ত হয়ে গেছে । → She is bored.
সে বিরক্ত হয়ে যায় নি । → She is not bored.

খিদে পাওয়া → to be hungry
তোমাদের কি খিদে পেয়েছে? → Are you hungry?
তোমাদের কি খিদে পায় নি? → Aren't you hungry?

তেষ্টা পাওয়া → to be thirsty
তাদের তেষ্টা পেয়েছে । → They are thirsty.
তাদের তেষ্টা পায় নি । → They are not thirsty.

tanbircox.blogspot.com

# 57) ডাক্তারের কাছে

আমার ডাক্তারের সাথে সাক্ষাৎকার আছে । → I have a doctor's appointment.
আমার সাক্ষাৎকার ১০টার সময় । → I have the appointment at ten o'clock.
আপনার নাম কি? → What is your name?

অনুগ্রহ করে প্রতীক্ষালয়ে বসুন । → Please take a seat in the waiting room.
ডাক্তার কিছুক্ষণের মধ্যে এসে যাবেন । → The doctor is on his way.
আপনি কোন্ কোম্পানী থেকে বীমা করিয়েছেন? → What insurance company do you belong to?

আমি আপনার জন্য কী করতে পারি? → What can I do for you?
আপনার কী ব্যথা করছে? → Do you have any pain?
আপনার কোথায় ব্যথা করছে? → Where does it hurt?

আমার সবসময় পিঠে ব্যথা হয় । → I always have back pain.
আমার প্রায়ই মাথায় ব্যথা হয় । → I often have headaches.
আমার কখনো কখনো পেটে ব্যথা হয় । → I sometimes have stomach aches.

আপনার ওপরের জামাকাপড় খুলুন । → Remove your top!
পরীক্ষা করবার টেবিলে শুয়ে পড়ুন । → Lie down on the examining table.
আপনার রক্তচাপ ঠিক আছে । → Your blood pressure is okay.

আমি আপনাকে একটা ইনজেকশন দেব । → I will give you an injection.
আমি আপনাকে কিছু ওষুধ দেব । → I will give you some pills.
আমি আপনাকে ওষুধ নেবার জন্য প্রেসকিপশন লিখে দিচ্ছি । → I am giving you a prescription for the pharmacy.

tanbircox.blogspot.com

# ১৪) শরীরে বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ

আমি একজন মানুষের ছবি আঁকছি । ↠ I am drawing a man.
সবচেয়ে আগে মাথা । ↠ First the head.
মানুষটি একটি টুপি পরে আছে । ↠ The man is wearing a hat.

তার চুল দেখা যায় না । ↠ One cannot see the hair.
তার কানও দেখা যায় না । ↠ One cannot see the ears either.
তার পিঠটাও দেখা যায় না । ↠ One cannot see his back either.

আমি চোখ এবং মুখ আঁকছি । ↠ I am drawing the eyes and the mouth.
লোকটি নাচছে এবং হাসছে । ↠ The man is dancing and laughing.
লোকটার লম্বা নাক আছে । ↠ The man has a long nose.

সে তার হাতে একটা ছড়ি ধরে আছে । ↠ He is carrying a cane in his hands.
সে তার গলাতেও একটা স্কার্ফ জড়িয়ে আছে । ↠ He is also wearing a scarf around his neck.
এখন শীত কাল এবং ঠাণ্ডার সময় । ↠ It is winter and it is cold.

হাত দুটো মজবুত । ↠ The arms are athletic.
পা দুটোও মজবুত । ↠ The legs are also athletic.
মানুষটি বরফ দিয়ে তৈরী । ↠ The man is made of snow.

সে প্যান্ট আর কোট কোনোটাই পরে নেই । ↠ He is neither wearing pants nor a coat.
কিন্তু মানুষটার ঠাণ্ডা লাগছে না । ↠ But the man is not freezing.
সে একজন হিম মানব । ↠ He is a snowman.

tanbircox.blogspot.com

# ৫৯) ডাকঘরে

সবথেকে কাছের ডাকঘরটি কোথায়? ↠ Where is the nearest post office?
ডাকঘরটি কি এখান থেকে অনেক দূরে? ↠ Is the post office far from here?
সবথেকে কাছাকাছি ডাক বাক্স কোথায়? ↠ Where is the nearest mail box?

আমার কিছু ডাক টিকিট চাই। ↠ I need a couple of stamps.
একটা কার্ড এবং একটা চিঠির জন্য। ↠ For a card and a letter.
আমেরিকার জন্য ডাক শুল্ক কত? ↠ How much is the postage to America?

প্যাকেটের ওজন কত? ↠ How heavy is the package?
আমি কি এটা হাওয়াই ডাকের (এয়ার মেলের) মাধ্যমে পাঠাতে পারি? ↠ Can I send it by air mail?
এটা ওখানে পৌঁছাতে কত সময় লাগবে? ↠ How long will it take to get there?

আমি কোথা থেকে ফোন করতে পারি? ↠ Where can I make a call?
সবথেকে কাছের টেলিফোন বুথ কোথায়? ↠ Where is the nearest telephone booth?
আপনার কাছে কলিং কার্ড আছে কি? ↠ Do you have calling cards?

আপনার কাছে টেলিফোন ডাইরেক্টরী আছে কি? ↠ Do you have a telephone directory?
আপনি অস্ট্রিয়ার এরিয়া কোড জানেন? ↠ Do you know the area code for Austria?
এক মিনিট, আমি দেখছি। ↠ One moment, I'll look it up.

লাইনটা সবসময় ব্যস্ত থাকে। ↠ The line is always busy.
আপনি কোন্ নম্বর ডায়াল করেছেন? ↠ Which number did you dial?
আপনাকে প্রথমে একটা শূণ্য ডায়াল করতে হবে! ↠ You have to dial a zero first!

tanbircox.blogspot.com

# 60) ব্যাংকে

আমি একটা অ্যাকাউন্ট খুলতে চাই । ↠ I would like to open an account.
এই আমার পাসপোর্ট । ↠ Here is my passport.
এবং এই আমার ঠিকানা । ↠ And here is my address.

আমি আমার একাউন্টে টাকা জমা দিতে চাই । ↠ I want to deposit money in my account.
আমার আমার অ্যাকাউন্ট থেকে টাকা তুলতে চাই । ↠ I want to withdraw money from my account.
আমি আমার একাউন্টের বিবৃতি নিতে চাই । ↠ I want to pick up the bank statements.

আমি একটা ট্র্যাভেলার্স চেক ভাঙ্গাতে চাই । ↠ I want to cash a traveller's cheque / traveler's check (am.).
এর ফি কত? ↠ What are the fees?
আমি কোথায় সই করব? ↠ Where should I sign?

আমি জার্মানী থেকে টাকা আসবার জন্য অপেক্ষা করছি । ↠ I'm expecting a transfer from Germany.
এই আমার একাউন্ট নম্বর । ↠ Here is my account number.
টাকা কি এসেছে? ↠ Has the money arrived?

আমি টাকা বিনিময় করতে চাই । ↠ I want to change money.
আমার আমেরিকান ডলার চাই । ↠ I need US-Dollars.
আমাকে ছোট নোট দিতে পারেন? ↠ Could you please give me small notes / bills (am.)?

এখানে কোনো এটিএম আছে? ↠ Is there a cashpoint / an ATM (am.)?
কত টাকা তোলা যেতে পারে? ↠ How much money can one withdraw?
কোন্ ক্রেডিট কার্ড ব্যবহার করা যেতে পারে? ↠ Which credit cards can one use?

tanbircox.blogspot.com

# 61) ক্রমসূচক সংখ্যা

প্রথম মাস হল জানুয়ারী । ↠ The first month is January.
দ্বিতীয় মাস হল ফেব্রুয়ারী । ↠ The second month is February.
তৃতীয় মাস হল মার্চ । ↠ The third month is March.

চতুর্থ মাস হল এপ্রিল । ↠ The fourth month is April.
পঞ্চম মাস হল মে । ↠ The fifth month is May.
ষষ্ঠ মাস হল জুন । ↠ The sixth month is June.

ছয় মাসে অর্ধেক বছর হয় । ↠ Six months make half a year.
জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ ↠ January, February, March,
এপ্রিল, মে, জুন ↠ April, May and June.

সপ্তম মাস হল জুলাই । ↠ The seventh month is July.
অষ্টম মাস হল আগস্ট । ↠ The eighth month is August.
নবম মাস হল সেপ্টেম্বর । ↠ The ninth month is September.

দশম মাস হল অক্টোবর । ↠ The tenth month is October.
একাদশ মাস হল নভেম্বর । ↠ The eleventh month is November.
দ্বাদশ মাস হল ডিসেম্বর । ↠ The twelfth month is December.

বারো মাসে এক বছর । ↠ Twelve months make a year.
জুলাই, আগস্ট, সেপ্টেম্বর ↠ July, August, September,
অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ↠ October, November and December.

tanbircox.blogspot.com

# 62) প্রশ্ন জিজ্ঞাসা ১

শেখা ↠ to learn
শিক্ষার্থীরা কি অনেক কিছু শেখে? ↠ Do the students learn a lot?
না, তারা কম শেখে। ↠ No, they learn a little.

প্রশ্ন জিজ্ঞাসা করা ↠ to ask
আপনি কি বার বার আপনার শিক্ষককে প্রশ্ন জিজ্ঞাসা করেন? ↠ Do you often ask the teacher questions?
না, আমি তাকে বার বার প্রশ্ন জিজ্ঞাসা করি না। ↠ No, I don't ask him questions often.

উত্তর দেওয়া ↠ to reply
অনুগ্রহ করে উত্তর দিন। ↠ Please reply.
আমি উত্তর দিই। ↠ I reply.

কাজ করা ↠ to work
সে কি এই মুহূর্তে কাজ করছে? ↠ Is he working right now?
হ্যাঁ, সে এই মুহূর্তে কাজ করছে। ↠ Yes, he is working right now.

আসা ↠ to come
আপনি কি আসছেন? ↠ Are you coming?
হ্যাঁ, আমরা আসছি। ↠ Yes, we are coming soon.

থাকা ↠ to live
আপনি কি বার্লিনে থাকেন? ↠ Do you live in Berlin?
হ্যাঁ, আমি বার্লিনে থাকি। ↠ Yes, I live in Berlin.

tanbircox.blogspot.com

# ৬৩) প্রশ্ন জিজ্ঞাসা ২

আমার একটা শখ আছে। → I have a hobby.
আমি টেনিস খেলি। → I play tennis.
টেনিসের ময়দান কোথায়? → Where is the tennis court?

তোমার কি কোনো শখ আছে? → Do you have a hobby?
আমি ফুটবল খেলি। → I play football / soccer (am.).
ফুটবল ময়দান কোথায়? → Where is the football / soccer (am.) field?

আমার হাতে ব্যাথা করছে। → My arm hurts.
আমার পায়ের পাতা এবং হাতেও ব্যাথা করছে। → My foot and hand also hurt.
এখানে কি ডাক্তার আছেন? → Is there a doctor?

আমার একটা গাড়ী আছে। → I have a car / an automobile.
আমার একটা মটর সাইকেলও আছে। → I also have a motorcycle.
গাড়ী দাঁড় করানোর জায়গা কোথায়? → Where could I park?

আমার একটা সোয়েটার আছে। → I have a sweater.
আমার একটা জ্যাকেট এবং এক জোড়া জিন্সও আছে। → I also have a jacket and a pair of jeans.
ওয়াশিং মেশিন কোথায়? → Where is the washing machine?

আমার কাছে একটা প্লেট আছে। → I have a plate.
আমার কাছে একটা ছুরি, কাঁটা এবং চামচ আছে। → I have a knife, a fork and a spoon.
নুন এবং গোলমরিচ কোথায়? → Where is the salt and pepper?

tanbircox.blogspot.com

# 64) নাকারাত্মক বাক্য / অস্বীকার ১

আমি এই শব্দটা বুঝতে পারছি না । ↠ I don't understand the word.
আমি এই বাক্যটা বুঝতে পারছি না । ↠ I don't understand the sentence.
আমি এই মানেটা বুঝতে পারছি না । ↠ I don't understand the meaning.

শিক্ষক ↠ the teacher
আপনি কি শিক্ষককে বুঝতে পারেন? ↠ Do you understand the teacher?
হ্যাঁ,আমি তাকে ভালভাবেই বুঝতে পারি । ↠ Yes, I understand him well.

শিক্ষিকা ↠ the teacher
আপনি কি শিক্ষিকাকে বুঝতে পারেন? ↠ Do you understand the teacher?
হ্যাঁ,আমি তাকে ভালভাবেই বুঝতে পারি । ↠ Yes, I understand her well.

লোক ↠ the people
আপনি কি লোকজনদের বুঝতে পারেন? ↠ Do you understand the people?
না, আমি তাদের ভালভাবে বুঝতে পারি না । ↠ No, I don't understand them so well.

মেয়ে বন্ধু ↠ the girlfriend
আপনার কি কোনো মেয়ে বন্ধু আছে? ↠ Do you have a girlfriend?
হ্যাঁ, আছে । ↠ Yes, I do.

মেয়ে ↠ the daughter
আপনার কোনো মেয়ে আছে? ↠ Do you have a daughter?
না, আমার কোনো মেয়ে নেই । ↠ No, I don't.

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# ৬৫) নাকারাত্মক বাক্য / অস্বীকার ২

আংটিটা কি দামী? ↠ Is the ring expensive?
না, এর দাম মাত্র একশ ইউরো । ↠ No, it costs only one hundred Euros.
কিন্তু আমার কাছে মাত্র ৫০ই আছে । ↠ But I have only fifty.

তোমার কি হয়ে গেছে? ↠ Are you finished?
না, এখনো হয় নি । ↠ No, not yet.
তবে আমার খুব তাড়াতাড়ি শেষ হয়ে যাবে । ↠ But I'll be finished soon.

তুমি কি আর স্যুপ নেবে? ↠ Do you want some more soup?
না, আমার আর চাই না । ↠ No, I don't want anymore.
কিন্তু আর একটা আইসক্রীম চাই । ↠ But another ice cream.

তুমি কি এখানে অনেক বছর ধরে আছ? ↠ Have you lived here long?
না, কেবলমাত্র এক মাস যাবত । ↠ No, only for a month.
কিন্তু আমার এর মাঝেই অনেক লোকের সংগে পরিচয় হয়েছে । ↠ But I already know a lot of people.

তুমি কি আগামীকাল গাড়ী চালিয়ে বাড়ী যাচ্ছ? ↠ Are you driving home tomorrow?
না, কেবলমাত্র সপ্তাহের শেষের ছুটিতে । ↠ No, only on the weekend.
কিন্তু আমি রবিবার ফিরে আসব । ↠ But I will be back on Sunday.

তোমার মেয়ে কি সাবালিকা? ↠ Is your daughter an adult?
না, তার কেবলমাত্র ১৭ বছর বয়স । ↠ No, she is only seventeen.
কিন্তু এখন থেকেই তার একটা ছেলেবন্ধু আছে । ↠ But she already has a boyfriend.

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# 66) সম্বন্ধবাচক সর্বনাম ১

আমি – আমার ↠ I – my
আমি আমার চাবি খুঁজে পাচ্ছি না। ↠ I can't find my key.
আমি আমার টিকিট খুঁজে পাচ্ছি না। ↠ I can't find my ticket.

তুমি – তোমার ↠ you – your
তুমি তোমার চাবি খুঁজে পেয়েছ? ↠ Have you found your key?
তুমি তোমার টিকিট খুঁজে পেয়েছ? ↠ Have you found your ticket?

সে – তার (ছেলে) ↠ he – his
তুমি জান ওর চাবি কোথায়? ↠ Do you know where his key is?
তুমি জান ওর টিকিট কোথায়? ↠ Do you know where his ticket is?

সে – তার (মেয়ে) ↠ she – her
তার টাকা চুরি হয়ে গেছে। ↠ Her money is gone.
এবং তার ক্রেডিট কার্ডও চুরি হয়ে গেছে। ↠ And her credit card is also gone.

আমরা – আমাদের ↠ we – our
আমাদের ঠাকুরদা (IN) / দাদু (BD) অসুস্থ। ↠ Our grandfather is ill.
আমাদের ঠাকুরমা (IN) / দিদা (BD) সুস্থ আছেন। ↠ Our grandmother is healthy.

তোমরা – তোমাদের ↠ you – your
বাচ্চারা, তোমাদের বাবা কোথায়? ↠ Children, where is your father?
বাচ্চারা, তোমাদের মা কোথায়? ↠ Children, where is your mother?

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# 67) সম্বন্ধবাচক সর্বনাম ২

চশমা ↠ the glasses
সে তার চশমা ভুলে গেছে । ↠ He has forgotten his glasses.
সে তার চশমা কোথায় ফেলে গেছে? ↠ Where has he left his glasses?

ঘড়ি ↠ the clock
তার ঘড়ি খারাপ হয়ে গেছে । ↠ His clock isn't working.
ঘড়িটা দেওয়ালে ঝোলানো আছে । ↠ The clock hangs on the wall.

পাসপোর্ট ↠ the passport
সে তার পাসপোর্ট হারিয়ে ফেলেছে । ↠ He has lost his passport.
তাহলে তার পাসপোর্ট কোথায়? ↠ Where is his passport then?

তারা – তাদের ↠ they – their
বাচ্চারা তাদের বাবা – মাকে খুঁজে পাচ্ছে না । ↠ The children cannot find their parents.
এই তো ওদের বাবা – মা এসে গেছেন । ↠ Here come their parents!

আপনি – আপনার ↠ you – your
আপনার যাত্রা কেমন হল. মি. মিলার? ↠ How was your trip, Mr. Miller?
আপনার স্ত্রী কোথায়, মি. মিলার? ↠ Where is your wife, Mr. Miller?

আপনি – আপনার ↠ you – your
আপনার যাত্রা কেমন হল. মিসেস স্মিথ? ↠ How was your trip, Mrs. Smith?
আপনার স্বামী কোথায়, মিসেস স্মিথ? ↠ Where is your husband, Mrs. Smith?

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# ৬৪) বড় - ছোট

বড় এবং ছোট ↠ big and small
হাতি বড় । ↠ The elephant is big.
ইঁদুর ছোট । ↠ The mouse is small.

অন্ধকার এবং উজ্বল ↠ dark and bright
রাত অন্ধকার হয় । ↠ The night is dark.
দিন উজ্বল হয় । ↠ The day is bright.

বৃদ্ধ / বৃদ্ধা এবং যুবক / যুবতী ↠ old and young
আমাদের ঠাকুরদা (IN) / দাদু (BD) খুবই বৃদ্ধ । ↠ Our grandfather is very old.
৭০ বছর আগে সে যুবক ছিল । ↠ 70 years ago he was still young.

সুন্দর এবং কুৎসিত ↠ beautiful and ugly
প্রজাপতি সুন্দর হয় । ↠ The butterfly is beautiful.
মাকড়সা কুৎসিত হয় । ↠ The spider is ugly.

মোটা এবং রোগা ↠ fat and thin
যে মহিলার ওজন ১০০ কেজি তিনি মোটা । ↠ A woman who weighs a hundred kilos is fat.
যে পুরুষের ওজন ৫০ কেজি তিনি রোগা । ↠ A man who weighs fifty kilos is thin.

দামী এবং সস্তা ↠ expensive and cheap
গাড়ীটা দামী । ↠ The car is expensive.
খবরের কাগজটি সস্তা । ↠ The newspaper is cheap.

tanbircox.blogspot.com

facebook /gmail/skype: - tanbir.cox Website :- http://tanbircox.blogspot.com

# ৬৯) প্রয়োজন – চাওয়া

আমার একটা বিছানার প্রয়োজন । ↠ I need a bed.
আমি ঘুমোতে চাই । ↠ I want to sleep.
এখানে কোনো বিছানা আছে? ↠ Is there a bed here?

আমার একটা বাতির প্রয়োজন । ↠ I need a lamp.
আমি পড়তে চাই । ↠ I want to read.
এখানে কোনো আলো আছে? ↠ Is there a lamp here?

আমার একটা টেলিফোনের প্রয়োজন । ↠ I need a telephone.
আমি একটা ফোন করতে চাই । ↠ I want to make a call.
এখানে কি কোনো টেলিফোন আছে? ↠ Is there a telephone here?

আমার একটা ক্যামেরার প্রয়োজন । ↠ I need a camera.
আমি ছবি তুলতে চাই । ↠ I want to take photographs.
এখানে কি ক্যামেরা আছে? ↠ Is there a camera here?

আমার একটা কম্পিউটারের প্রয়োজন । ↠ I need a computer.
আমি একটা ই – মেল পাঠাতে চাই । ↠ I want to send an email.
এখানে কি একটা কম্পিউটার আছে? ↠ Is there a computer here?

আমার একটা কলমের প্রয়োজন । ↠ I need a pen.
আমি কিছু লিখতে চাই । ↠ I want to write something.
এখানে কি কাগজ কলম আছে? ↠ Is there a sheet of paper and a pen here?

tanbircox.blogspot.com

# 70) কিছু ভাল লাগা

আপনি কি ধূমপান করতে চান? ↠ Would you like to smoke?
আপনি কি নাচতে চান? ↠ Would you like to dance?
আপনি কি বেড়াতে চান? ↠ Would you like to go for a walk?

আমি ধূমপান করতে চাই । ↠ I would like to smoke.
তোমার কি একটা সিগারেট চাই? ↠ Would you like a cigarette?
সে আগুন চায় । ↠ He wants a light.

আমি কিছু পান করতে চাই । ↠ I want to drink something.
আমি কিছু খেতে চাই । ↠ I want to eat something.
আমি একটু আরাম করতে চাই । ↠ I want to relax a little.

আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই । ↠ I want to ask you something.
আমি আপনার কাছে কিছু চাই । ↠ I want to ask you for something.
আমি আপনাকে নিমন্ত্রণ করতে চাই। ↠ I want to treat you to something.

আপনি কী চান? ↠ What would you like?
আপনি কি কফি খেতে চান? ↠ Would you like a coffee?
নাকি আপনি চা খেতে চান? ↠ Or do you prefer a tea?

আমরা ঘরে যেতে চাই । ↠ We want to drive home.
তোমরা কি ট্যাক্সি চাও? ↠ Do you want a taxi?
তারা / ওঁরা একটা ফোন করতে চায় / চান ↠ They want to make a call.

tanbircox.blogspot.com

# 71) কোনো কিছু চাওয়া

তোমরা কী করতে চাও? ↠ What do you want to do?
তোমরা কি ফুটবল খেলতে চাও? ↠ Do you want to play football / soccer (am.)?
তোমরা কি বন্ধুদের সঙ্গে দেখা করতে চাও? ↠ Do you want to visit friends?

চাওয়া ↠ to want
আমি দেরীতে পৌঁছাতে চাই না । ↠ I don’t want to arrive late.
আমি সেখানে যেতে চাই না । ↠ I don’t want to go there.

আমি বাড়ী যেতে চাই । ↠ I want to go home.
আমি বাড়ীতে থাকতে চাই । ↠ I want to stay at home.
আমি একা থাকতে চাই । ↠ I want to be alone.

তুমি কি এখানে থাকতে চাও? ↠ Do you want to stay here?
তুমি কি এখানে খাবার খেতে চাও? ↠ Do you want to eat here?
তুমি কি এখানে ঘুমোতে চাও? ↠ Do you want to sleep here?

আপনি কি আগামীকাল চলে যেতে চান? ↠ Do you want to leave tomorrow?
আপনি কি আগামীকাল পর্যন্ত থাকতে চান? ↠ Do you want to stay till tomorrow?
আপনি কি আগামীকাল বিল দিতে চান? ↠ Do you want to pay the bill only tomorrow?

তোমরা কি ডিস্কোতে যেতে চাও? ↠ Do you want to go to the disco?
তোমরা কি সিনেমাতে যেতে চাও? ↠ Do you want to go to the cinema?
তোমরা কি ক্যাফেতে যেতে চাও? Do you want to go to a café?

tanbircox.blogspot.com

# 72) আবশ্যিক কাজকর্ম

অবশ্যই ↠ must
আমাকে অবশ্যই চিঠিটা পাঠাতে হবে। ↠ I must post the letter.
আমাকে অবশ্যই হোটেলের টাকা শোধ করতে হবে। ↠ I must pay the hotel.

তোমাকে অবশ্যই তাড়াতড়ি জেগে উঠতে হবে। ↠ You must get up early.
তোমাকে অবশ্যই অনেক কাজ করতে হবে। ↠ You must work a lot.
তোমাকে অবশ্যই সময়ানুবর্তী হতে হবে। ↠ You must be punctual.

তাকে (ছেলে) অবশ্যই পেট্রোল নিতে হবে। ↠ He must fuel / get petrol / get gas (am.).
তাকে (ছেলে) অবশ্যই গাড়ী সারাতে হবে। ↠ He must repair the car.
তাকে (ছেলে) অবশ্যই গাড়ী ধুতে হবে। ↠ He must wash the car.

তাকে (মেয়ে) অবশ্যই কেনাকাটা করতে হবে। ↠ She must shop.
তাকে অবশ্যই এপার্টমেন্ট পরিষ্কার করতে হবে। ↠ She must clean the apartment.
তাকে অবশ্যই জামাকাপড় ধুতে হবে। ↠ She must wash the clothes.

আমাদের অবশ্যই এখনই বিদ্যালয়ে যেতে হবে। ↠ We must go to school at once.
আমাদের অবশ্যই এখনই কাজে যেতে হবে। ↠ We must go to work at once.
আমাদের অবশ্যই এখনই ডাক্তারের কাছে যেতে হবে। ↠ We must go to the doctor at once.

তোমদের অবশ্যই বাসের জন্য অপেক্ষা করতে হবে। ↠ You must wait for the bus.
তোমদের অবশ্যই ট্রেনের জন্য অপেক্ষা করতে হবে। ↠ You must wait for the train.
তোমদের অবশ্যই ট্যাক্সির জন্য অপেক্ষা করতে হবে। ↠ You must wait for the taxi.

tanbircox.blogspot.com

# ৭৩) অনুমোদন পাওয়া / অনুমতি থাকা

তোমার কি গাড়ী চালানোর অনুমতি আছে? ↠ Are you already allowed to drive?
তোমার কি মদ্যপান করার অনুমতি আছে? ↠ Are you already allowed to drink alcohol?
তোমার একা বিদেশে যাবার অনুমতি আছে? ↠ Are you already allowed to travel abroad alone?

অনুমতি পাওয়া ↠ may / to be allowed
আমরা কি এখানে ধূমপান করতে পারি? ↠ May we smoke here?
এখানে ধূমপান করার অনুমতি আছে কি? ↠ Is smoking allowed here?

ক্রেডিট কার্ডের মাধ্যমে কি টাকা দেওয়া যেতে পারে? ↠ May one pay by credit card?
চেকের দ্বারা কি টাকা দেওয়া যেতে পারে? ↠ May one pay by cheque / check (am.)?
কেবল কি শুধু নগদ টাকা দেওয়া যেতে পারে? ↠ May one only pay in cash?

আমি কি একটা ফোন করতে পারি? ↠ May I just make a call?
আমি কি কিছু জিজ্ঞাসা করতে পারি? ↠ May I just ask something?
আমি কি কিছু বলতে পারি? ↠ May I just say something?

তার বাগানে শোবার অনুমতি নেই । ↠ He is not allowed to sleep in the park.
তার গাড়ীর মধ্যে শোবার অনুমতি নেই । ↠ He is not allowed to sleep in the car.
তার রেল স্টেশনে শোবার অনুমতি নেই । ↠ He is not allowed to sleep at the train station.

আমরা কি বসতে পারি? ↠ May we take a seat?
আমরা কি মেনু কার্ড পেতে পারি? ↠ May we have the menu?
আমরা কি আলাদাভাবে টাকা দিতে পারি? ↠ May we pay separately?

tanbircox.blogspot.com

# 74) অনুরোধ করা

আপনি কি আমার চুল কাটতে পারবেন? ↠ Can you cut my hair?
দয়া করে খুব ছোট করবেন না। ↠ Not too short, please.
দয়া করে আর একটু ছোট করে দিন। ↠ A bit shorter, please.

আপনি কি ছবিগুলো তৈরী করতে পারবেন? ↠ Can you develop the pictures?
ছবিগুলো সিডিতে আছে। ↠ The pictures are on the CD.
ছবিগুলো ক্যামেরাতে আছে। ↠ The pictures are in the camera.

আপনি কি ঘড়ি ঠিক করতে পারবেন? ↠ Can you fix the clock?
কাঁচ ভেঙ্গে গেছে। ↠ The glass is broken.
ব্যাটারি শেষ / খালী হয়ে গেছে। ↠ The battery is dead / empty.

আপনি কি শার্টটা ইস্ত্রি করতে পারবেন? ↠ Can you iron the shirt?
আপনি কি প্যান্টটা পরিষ্কার করতে পারবেন? ↠ Can you clean the pants / trousers?
আপনি কি জুতোটা ঠিক করতে পারবেন? ↠ Can you fix the shoes?

আপনি আগুন ধরাবার জন্য কিছু দিতে পারেন? ↠ Do you have a light?
আপনার কাছে কি কোনো দেশলাই বা লাইটার আছে? ↠ Do you have a match or a lighter?
আপনার কাছে কি ছাইদানী আছে? ↠ Do you have an ashtray?

আপনি কি সিগার খান? ↠ Do you smoke cigars?
আপনি কি সিগারেট খান? ↠ Do you smoke cigarettes?
আপনি কি পাইপ খান? ↠ Do you smoke a pipe?

tanbircox.blogspot.com

# 75) কারণ দেখানো ১

আপনি কেন আসছেন না? ↠ Why aren't you coming?
আবহাওয়া খুব খারাপ । ↠ The weather is so bad.
আমি আসছি না কারণ আবহাওয়া ভীষণ খারাপ । ↠ I am not coming because the weather is so bad.

সে (ছেলে) কেন আসছে না? ↠ Why isn't he coming?
তাকে নিমন্ত্রণ করা হয় নি । ↠ He isn't invited.
সে আসছে না কারণ তাকে নিমন্ত্রণ করা হয় নি । ↠ He isn't coming because he isn't invited.

তুমি কেন আসছ না? ↠ Why aren't you coming?
আমার কাছে সময় নেই । ↠ I have no time.
আমি আসছি না কারণ আমার সময় নেই । ↠ I am not coming because I have no time.

তুমি কেন থাকছ না? ↠ Why don't you stay?
আমার এখনো কাজ করতে হবে । ↠ I still have to work.
আমি থাকছি না কারণ আমার এখনো কাজ করতে হবে । ↠ I am not staying because I still have to work.

আপনি কেন এখনই চলে যাচ্ছেন? ↠ Why are you going already?
আমি ক্লান্ত । ↠ I am tired.
আমি চলে যাচ্ছি কারণ আমি ক্লান্ত । ↠ I'm going because I'm tired.

আপনি কেন এখনই চলে যাচ্ছেন? ↠ Why are you going already?
ইতোমধ্যে দেরী হয়ে গেছে । ↠ It is already late.
আমি চলে যাচ্ছি কারণ ইতোমধ্যে দেরী হয়ে গেছে । ↠ I'm going because it is already late.

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# 76) কারণ দেখানো ২

তুমি কেন আসনি? ↠ Why didn't you come?
আমি অসুস্থ ছিলাম । ↠ I was ill.
আমি আসিনি কারণ আমি অসুস্থ ছিলাম । ↠ I didn't come because I was ill.

সে (মেয়ে) কেন আসেনি? ↠ Why didn't she come?
সে ক্লান্ত ছিল । ↠ She was tired.
সে আসেনি কারণ সে ক্লান্ত হয়ে পড়েছিল । ↠ She didn't come because she was tired.

সে (ছেলে) কেন আসেনি? ↠ Why didn't he come?
তার ইচ্ছে ছিল না । ↠ He wasn't interested.
সে আসেনি কারণ তার ইচ্ছে ছিল না । ↠ He didn't come because he wasn't interested.

তোমরা কেন আসনি? ↠ Why didn't you come?
আমাদের গাড়ী খারাপ হয়ে গেছে । ↠ Our car is damaged.
আমরা আসিনি কারণ আমাদের গাড়ী খারাপ হয়ে গেছে । ↠ We didn't come because our car is damaged.

লোকেরা কেন আসেনি? ↠ Why didn't the people come?
তাদের ট্রেন চলে গিয়েছিল । ↠ They missed the train.
তারা আসেনি কারণ তাদের ট্রেন চলে গিয়েছিল । ↠ They didn't come because they missed the train.

তুমি কেন আসনি? ↠ Why didn't you come?
আমার আসবার অনুমতি ছিল না । ↠ I was not allowed to.
